দৈনিক বাংলা

তারিখ 20 MAR 1990
পৃষ্ঠা ৮ কলাম ২

34

# চাখারে পরীক্ষা কেন্দ্র পুনর্বহালের দাবীতে হরতাল পালিত

(সংবাদদাতা)

চাখার (বরিশাল), ১৮ই মার্চ।—শেরে বাংলা এ কে ফজলুল হকের স্মৃতি বিজড়িত চাখারে এসএসসি পরীক্ষা কেন্দ্র পুনর্বহালের দাবীতে স্থানীয় জনগণ গত ১০ই মার্চ একদিনের হরতার পালন করেন।

এ উপলক্ষে স্থানীয় সরকারী কলেজ, বালক বিদ্যালয়, বালিকা বিদ্যালয় ও বাজারের সব দোকানপাট বন্ধ রাখা হয় এবং একটি শোভাযাত্রা বের করা হয়। ঐদিন স্থানীয় মমতাজ পার্কে এক জনসভায় স্থানীয় গণ্যমান্য ব্যক্তিগণ এসএসসি পরীক্ষা কেন্দ্র পুনর্বহালের দাবীতে বক্তব্য রাখেন।

উল্লেখ্য, ১৯৪০ সালে চাখারে ফজলুল হক কলেজ স্থাপনের পর থেকে এসএসসি পরীক্ষা কেন্দ্র চালু হয়। চাখারে বর্তমানে এইচএসসি ও ডিগ্রী পরীক্ষার কেন্দ্র চালু রয়েছে। কিন্তু গত বছর এসএসসি পরীক্ষা বাতির করা হয়।